



বার্ষিক প্রতিবেদন

২০১৮-২০১৯



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
খাদ্য মন্ত্রণালয়

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বার্ষিক প্রতিবেদন
প্রতিবেদন বছর: ২০১৮-২০১৯ অর্থবছর

(১) রূপকল্প (Vision):

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় সকলের জন্য নিরাপদ খাদ্য।

(২) অভিলক্ষ্য (Mission):

নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার সাথে জড়িত সংশ্লিষ্ট সকল সংস্থা, খাদ্যশিল্প ও খাদ্য ব্যবসায়ী এবং সুশীল সমাজের সহযোগিতায় যথাযথ বিজ্ঞানভিত্তিক বিধি-বিধান তৈরী ও কার্যকর প্রয়োগ এবং খাদ্য শৃঙ্খল পরিবীক্ষণ ও ব্যবস্থাপনার সাথে নিয়োজিত সংস্থাসমূহের কার্যক্রম ফলপ্রসূভাবে সমন্বয়ের মাধ্যমে জীবন ও স্বাস্থ্য সুরক্ষা।

(৩) সাংগঠনিক কাঠামো

বিজ্ঞানসম্মত পদ্ধতিতে নিরাপদ খাদ্য প্রাপ্তির অধিকার নিশ্চিতকরণে সরকার নিরাপদ খাদ্য আইন, ২০১৩ প্রণয়ন করে। আইনটি ১ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে কার্যকর হয়। এ আইনের অধীন ২ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে সরকার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ নামে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করে। একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে কর্তৃপক্ষের প্রধান দায়িত্ব ও কার্যাবলি হচ্ছে খাদ্য-শৃঙ্খলা সংশ্লিষ্ট কার্যক্রম নিয়ন্ত্রণ ও পরিবীক্ষণ এবং নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট সকল সংস্থার কার্যাবলির সমন্বয় সাধন করা। একজন চেয়ারম্যান, চারজন সদস্য ও একজন সচিবের সমন্বয়ে গঠিত বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ঢাকায় খাদ্য অধিদপ্তরের খাদ্য ভবনে প্রধান কার্যালয় স্থাপনের মাধ্যমে কার্যক্রম শুরু হয়েছিল এবং পরবর্তীতে ইস্কাটন গার্ডেনস্থ প্রবাসী কল্যাণ ভবনে ভাড়াকৃত ফ্ল্যাটে কর্তৃপক্ষের প্রধান কার্যালয় স্থাপন করে কার্যক্রম পরিচালিত হচ্ছে। বর্তমানে কর্তৃপক্ষের ৩৬৫ জন লোকবলের একটি সাংগঠনিক কাঠামো (টিওঅ্যান্ডই) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে এবং উক্ত পদে নিয়োগ প্রক্রিয়াধীন।

(৪) কার্যাবলি

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ প্রতিষ্ঠার পর থেকে দেশের প্রত্যেক মানুষের সুস্বাস্থ্য রক্ষার্থে নিরাপদ খাদ্য নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করেছে। নিরাপদ খাদ্য উৎপাদনের সহিত জড়িত সকল স্টেকহোল্ডারদের সচেতন করার লক্ষ্যে বিভিন্ন প্রকার সচেতনতামূলক কার্যক্রম পরিচালিত হয়েছে। নিরাপদ খাদ্যের সাথে জড়িত বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সাথে সমন্বয় করে খাদ্য শৃঙ্খলের সকল স্তরে খাদ্যের নিরাপদতা নিশ্চিত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক জুলাই ২০১৮ হতে জুন ২০১৯ পর্যন্ত জনগণের নিরাপদ খাদ্য নিশ্চিত করার লক্ষ্যে যে সকল কার্যক্রম বাস্তবায়িত হয়েছে তার বিস্তারিত বিবরণ নিম্নে প্রদান করা হলো:

১. নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিতকরণে খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিক্রয় সংশ্লিষ্ট কার্যক্রম নিয়ন্ত্রণ ও পরিবীক্ষণ;
২. নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট সকল সংস্থার কার্যাবলী সমন্বয় সাধন;
৩. খাদ্য ব্যবসার ক্ষেত্রে নিরাপদ খাদ্য সনদের জন্য সনদ প্রদানকারী সংস্থাসমূহকে সহযোগিতা প্রদান;
৪. খাদ্য পরীক্ষাগার এ্যাক্রেডিটেশনের জন্য সংশ্লিষ্ট সংস্থাকে সহযোগিতা প্রদান;
৫. আমদানিতব্য খাদ্যদ্রব্যের মানদণ্ড ও পরীক্ষণ পদ্ধতি নির্ধারণের জন্য সংশ্লিষ্ট সংস্থাকে সহযোগিতা প্রদান;
৬. খাদ্য ও পুষ্টি নিরাপত্তা বিষয়ক নীতিমালা বা বিধিমালা প্রণয়ন এবং বিদ্যমান নীতিমালা বা বিধিমালা সংশোধন বা হালনাগাদকরণে সরকারকে প্রয়োজনীয় বৈজ্ঞানিক পরামর্শ ও কারিগরি সহায়তা প্রদান;
৭. নিরাপদ খাদ্য সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি।

(৫) দায়েরকৃত মামলার বিবরণ:

মামলার ধরণ	দায়েরকৃত মোট মামলার সংখ্যা
১	২
কর্তৃপক্ষের পক্ষে দায়েরকৃত মামলা	৭৩টি
কর্তৃপক্ষের বিরুদ্ধে দায়েরকৃত মামলা	৫টি
নিরাপদ খাদ্য আইন ২০১৩ ও অন্যান্য আইনে মাঠ পর্যায়ে দায়েরকৃত মামলা	৩৭৫ টি
মোট মামলার সংখ্যা	৪৫৩ টি

(৬) মোবাইল কোর্ট পরিচালনার বিবরণ:

মোবাইল কোর্টের সংখ্যা	মোবাইল কোর্ট কর্তৃক প্রদত্ত শাস্তির বিবরণ			
	মামলা দায়েরের সংখ্যা	দণ্ডিত ব্যক্তির সংখ্যা	জেল (সংখ্যা)	জরিমানা
১	২	৩	৪	৫
২৭৩৬ টি	৫০৭২ টি	৪৯৭৯ জন	৮৯ জন	৩০৫.০০ লক্ষ টাকা

(৭) খাদ্যের নমুনা সংগ্রহের বিবরণ:

কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত স্বাস্থ্য অধিদপ্তরের নিরাপদ খাদ্য পরিদর্শক কর্তৃক সংগৃহীত নমুনা:

খাদ্য নমুনা সংগ্রহের সংখ্যা	পরীক্ষাগারে প্রেরিত নমুনার সংখ্যা	প্রাপ্ত খাঁটি নমুনার সংখ্যা	প্রাপ্ত ভেজাল নমুনার সংখ্যা
১	২	৩	৪
৩৫৬৬	২৪৬২	২০৮৮	৩৭৪

(৮) নিরাপদ খাদ্য পরিদর্শক কর্তৃক খাদ্য স্থাপনা ও বাজার পরিদর্শনের বিবরণ:

বাজার পরিদর্শনের সংখ্যা	নোটিশ প্রদানের সংখ্যা	অপরাধের ধারা
১	২	৩
৭৮৩২	৬৫৬	৩৮ ও ৩৯

(৯) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জনবল নিয়োগ: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অনুমোদিত ৩৬৫ জন জনবল কাঠামোর মধ্যে ৪২ জন চতুর্থ শ্রেণির কর্মচারী আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ করা হয়েছে। বর্তমানে ১১৪ জন ৩য় শ্রেণি এবং ১০২ জন ১ম শ্রেণির কর্মকর্তা-কর্মচারি নিয়োগের প্রক্রিয়া চলমান আছে।

(১০) প্রশিক্ষণের বিবরণ:

৬.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ:

প্রশিক্ষণের ধরণ	প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা	প্রশিক্ষণের মেয়াদ	মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা
১	২	৩	৪
স্টেকহোল্ডারদের প্রশিক্ষণ	১০ ব্যাচ	১-৩ দিন	১০৫০ জন
ইন-হাউজ প্রশিক্ষণ	০৩ ব্যাচ	০১ দিন	৪৬ জন
মোট	১৩ ব্যাচ	-	১০৯৬ জন



ছবি: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত নিরাপদ খাদ্য পরিদর্শকদের প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন করেন মাননীয় খাদ্য মন্ত্রী এ্যাডভোকেট মোঃ কামরুল ইসলাম এমপি।



ছবি: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত নিরাপদ খাদ্য পরিদর্শকদের প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন করেন জনাব শাহাবুদ্দিন আহমদ, সচিব, খাদ্য মন্ত্রণালয়।

৬.২ বৈদেশিক প্রশিক্ষণ:

প্রতিবেদনাধীন অর্থ-বছরে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা ১১ জন।

(১১) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য:

সেমিনার/কর্মশালার ধরণ	কর্মশালার অনুষ্ঠানের স্থান	সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা	সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা
১	২	৩	৪
জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত কর্মশালা	কেআইবি অডিটোরিয়াম, ঢাকা	০২ টি	৯০০ জন
প্রশিক্ষণ কর্মশালা	বিজ অডিটোরিয়াম, ঢাকা	০৭ টি	৪৬২ জন
জেলা পর্যায়ের কর্মশালা ও র্যালি	খুলনা, বগুড়া, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, কক্সবাজার	০৫ টি	১৩০০ জন
	মোট	১৪ টি	২৬৬২ জন



ছবি: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক খুলনা, চাঁপাইনবাবগঞ্জ ও নওগাঁ এ অনুষ্ঠিত কর্মশালার চিত্র। ১ম ছবিতে খুলনায় অনুষ্ঠিত কর্মশালায় উপস্থিত সাবেক খাদ্য মন্ত্রী এ্যাডভোকেট মোঃ কামরুল ইসলাম এমপি এবং ৩য় ছবিতে নওগাঁয় অনুষ্ঠিত কর্মশালায় উপস্থিত মাননীয় খাদ্য মন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদার এমপি।



ছবি: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত র্যালি: ১. র্যালি-খুলনা, ২. র্যালি-নওগাঁ, ৩. জনসমাবেশ-বগুড়া।



ছবি: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত বিয়াম ফাউন্ডেশন, কক্সবাজারে অনুষ্ঠিত ইনোভেশন কর্মশালা।

(১২) **জাতীয় নিরাপদ খাদ্য দিবস ২০১৯ উদযাপন:**

- কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ কমপ্লেক্স, ঢাকায় ৩ ফেব্রুয়ারী ২০১৯ তারিখে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ জাতীয় নিরাপদ খাদ্য দিবস ২০১৯ উদযাপিত হয়;
- প্রধান অতিথি: শেখ হাসিনা এমপি, মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার;
- বিশেষ অতিথি: ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি, মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং জনাব মোঃ সাধন চন্দ্র মজুদার, মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার;
- উদ্বোধনী দিনে জাতীয় নিরাপদ খাদ্য দিবস উপলক্ষে এক বর্ণাঢ্য র্যালী অনুষ্ঠিত হয়;
- কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ কমপ্লেক্স, ঢাকায় ২ দিন ব্যাপি নিরাপদ খাদ্য মেলা ২০১৯ অনুষ্ঠিত হয়;
- ৩টি গ্রুপে ১২ জন ছাত্র-ছাত্রীকে রচনা প্রতিযোগিতায় পুরস্কার বিতরণ করা হয়;
- দেশের সকল জেলা ও উপজেলায় একযোগে জাতীয় নিরাপদ খাদ্য দিবস ২০১৯ উদযাপিত হয় এবং জাতীয় দিবস উপলক্ষে ব্যাপক প্রচার-প্রচারণা চালানো হয়;
- বহুল প্রকাশিত জাতীয় দৈনিক প্রত্নিকায় মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী, মাননীয় কৃষিমন্ত্রী, মাননীয় খাদ্যমন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়ের সচিব এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যানের বাণী সম্বলিত ক্রোড়পত্র প্রকাশ করা হয়;
- প্রথিতযশা লেখক ও বিজ্ঞানী কর্তৃক লিখিত প্রবন্ধাবলী নিয়ে জাতীয় দিবস উপলক্ষে একটি আকর্ষণীয় স্যুভিনীর প্রকাশ করা হয়।



ছবি: জাতীয় নিরাপদ খাদ্য দিবস ২০১৮ উপলক্ষে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত মাননীয় প্রধানমন্ত্রী, সমাগত অতিথিবৃন্দ, র্যালী ও রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণের চিত্র।



ছবি: জাতীয় নিরাপদ খাদ্য দিবস ২০১৯ উপলক্ষে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত স্যুভিনীর এর প্রচ্ছদ এর চিত্র।

(১৩) বিধিমালা/প্রবিধানমালা প্রণয়ন:

বিগত ২০১৮-১৯ অর্থ বছরে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক ০১টি বিধিমালা ও ০২টি প্রবিধানমালা প্রণয়ন করা হয়েছে এবং এসআরও নম্বরসহ গেজেট জারী হয়েছে। সেগুলো নিম্নে প্রদত্ত হলো:

- (১) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০১৮
- (২) নিরাপদ খাদ্য (স্বাস্থ্যসম্মত পরিবেশ সংরক্ষণ) প্রবিধানমালা, ২০১৮
- (৩) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ আর্থিক বিধিমালা, ২০১৯

(১৪) উন্নয়ন প্রকল্প গ্রহণ:

(ক) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কার্যক্রমকে প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার সহযোগিতায় ইন্সটিটিউশনালাইজেশন অব ফুড সেফটি ইন বাংলাদেশ ফর সেফার ফুড (আইএফএস-বি) শীর্ষক প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।

(খ) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ৪৭.০০ কোটি টাকার “বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের দৃঢ় বুনিয়েদ স্থাপনে দক্ষতা উন্নয়ন” শীর্ষক উন্নয়ন প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনে দাখিল করা হয়েছে যা বর্তমানে অনুমোদনের চূড়ান্ত পর্যায়ে আছে।

(১৫) সমঝোতা চুক্তি স্বাক্ষর:

নিরাপদ খাদ্য সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থা/বিভাগের সাথে সমঝোতার মাধ্যমে নিরাপদ খাদ্য আইন ২০১৩ ও অন্যান্য নিরাপদ খাদ্য সংশ্লিষ্ট আইনের সুষ্ঠু প্রয়োগ, সমন্বয় ও সহযোগিতা বৃদ্ধি করে জনসাধারণের জন্য খাদ্যের নিরাপদতা নিশ্চিত করার লক্ষ্যে আলাপ-আলোচনা ও সমঝোতার মাধ্যমে একটি দক্ষ নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সৃষ্টি কল্পে নিম্নলিখিত ০২ টি প্রতিষ্ঠানের সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষরের প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে।

- (১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- (২) জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর;

(১৬) সচেতনতামূলক কার্যক্রম:

(১) খাদ্যের নিরাপদতা বিষয়ে মাঠ পর্যায়ে নিম্নোক্ত প্রচারসামগ্রী বিতরণ করা হয়েছে:

- ০২ ধরনের লিফলেট বিতরণ- ০৪ লক্ষ টি
- ০২ বিষয়ে পোস্টার তৈরী - ০১ লক্ষ টি

(২) পত্র-পত্রিকা ও টেলিভিশন চ্যানেলসমূহে নিরাপদ খাদ্য সচেতনতামূলক প্রচারণা।

(৩) সচেতনতামূলক ফেইসবুক ক্যাম্পেইন, মোবাইলফোনে ম্যাসেজ প্রদান।

(৪) রমজান মাসে পিকআপ ভ্যান সজ্জিত করে মাইকিং, প্রচারপত্র ও বুকলেট বিতরণের মাধ্যমে বিশেষ প্রচারণা।

(৫) পবিত্র রমজানে খাদ্যদ্রব্যে নিরাপত্তার সম্ভাব্য ঝুঁকিসমূহ মোকাবিলায় করণীয় সম্পর্কে ও ফলমূল ও শাকসবজিতে ফরমালিন প্রয়োগ বিষয়ে বিভ্রান্তি দূরীকরণে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন দৈনিক পত্রিকায় গণবিজ্ঞপ্তি প্রকাশিত।

(৬) একটি ডকুমেন্টারী ফিল্ম তৈরী করে বিভিন্ন মাধ্যমে প্রচারিত হচ্ছে।

(৭) ডিএফপি এর মাধ্যমে চারটি টিভি স্পট নির্মাণ করা হয়েছে।

- (৮) কর্তৃপক্ষের চেয়ারম্যান ও সদস্যগণ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার আমন্ত্রণে নিরাপদ খাদ্য সংশ্লিষ্ট বিভিন্ন আলোচনা অনুষ্ঠানে অংশগ্রহণ করে থাকেন।
- (৯) সরকারি ও বেসরকারি টেলিভিশন চ্যানেলে টিভি স্ক্রলের মাধ্যমে নিরাপদ খাদ্য বিষয়ক বার্তা ও শ্লোগান প্রচারের ব্যবস্থা করা হয়েছে।
- (১০) পবিত্র ঈদুল আজহায় নিরাপদ কোরবানীর পশু উৎপাদন ও বিক্রয় বিষয়ে সংবাদপত্রে গণবিজ্ঞপ্তি, মাইকিং, পোস্টার, লিফলেট বিতরণের মাধ্যমে বিশেষ প্রচারণা।
- (১১) জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারদের মাধ্যমে সারা দেশে সচেতনতামূলক পাবলিক মিটিং, মাইকিং ও ভিডিও প্রদর্শনীর মাধ্যমে প্রচারণা চালানো হয়।

(১৬) প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত অন্যান্য উল্লেখযোগ্য কার্যাবলি:

- (১) নিরাপদ খাদ্য সংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে বিজ্ঞানভিত্তিক পরামর্শ প্রদানের জন্য বিশেষজ্ঞ টেকনিক্যাল কমিটি গঠনের কাজ চলমান রয়েছে ;
- (২) দেশীয় খাদ্যের মান কোডেক্স এর মানের সাথে সমন্বয়করণের কার্যক্রম চলছে;
- (৩) ঢাকা সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত মতিঝিল, দিলকুশা, গুলিস্থান, তোপখানা, ফকিরাপুল ও পল্টন এলাকার হোটেলগুলিতে নিরাপদ খাদ্য নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উদ্যোগে গ্রীনজোন এলাকা ঘোষণা করার কার্যক্রমের অংশ হিসেবে ১২০ টি হোটেলের জরীপ সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে মাননীয় খাদ্য মন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদার এমপি এর উপস্থিতিতে ৫৭ টি হোটেলকে ব্লু ও গ্রীণ স্টিকার প্রদান করা হয়েছে।
- (৪) প্রক্রিয়াজাত কৃষিপণ্য (উদ্ভিদজাত) রপ্তানীর জন্য বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ স্বাস্থ্যগত/রপ্তানী সনদ (Health Certificate/Export Certificate) প্রদান করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে;
- (৫) খাদ্যস্থাপনা পরিদর্শন, খাদ্য নমুনা সংগ্রহ, মামলা দায়ের ও পরিচালনা কাজে সহায়তার জন্য স্বাস্থ্য অধিদপ্তর, খাদ্য অধিদপ্তর, সিটি কর্পোরেশন ও পৌরসভার দায়িত্বপ্রাপ্ত ৭২৮ জন নিরাপদ খাদ্য পরিদর্শক মাঠ পর্যায়ে দায়িত্ব পালন করছে;
- (৬) মাঠ পর্যায়ে বিভিন্ন খাদ্যনমুনা তাৎক্ষণিকভাবে পরীক্ষা করার জন্য ২টি মোবাইল ল্যাবরেটরি ভ্যান আইএফএস-বি প্রকল্প থেকে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে সরবরাহ করার কাজ প্রক্রিয়াধীন আছে;
- (৭) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ওয়েবসাইটে এর উন্নয়ন করা হয়েছে;
- (৮) ইনোভেশন কার্যক্রমের আওতায় তিনটি পথ খাবারের ভ্যানকে আধুনিকীকরণ করে নিরাপদ খাদ্য বিক্রির ব্যবস্থা করার জন্য একটি কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- (৯) বাংলাদেশে এনার্জি ড্রিংকস নামের কোমল পানীয়ের জাতীয় মান (BDS) না থাকায় এনার্জি ড্রিংকস এর উৎপাদন, আমদানি ও বিক্রয় বন্ধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- (১০) ফ্রান্সের ল্যাকটাসিস কোম্পানি কর্তৃক উৎপাদিত এবং জেস ইন্টারন্যাশনাল কর্তৃক আমদানিকৃত ও বাজারজাতকৃত বেবিকোয়ার ফুডে স্যালমোনেলা এগোনা নামক জীবানুর উপস্থিতি পাওয়ায় উক্ত পণ্য জব্দ করে বাজার হতে প্রত্যাহার করা হয় এবং আদালতের রায় মোতাবেক ধ্বংস করা হয়।



চিত্র: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উদ্যোগে গ্রীনজোন এলাকা ঘোষনা করার কার্যক্রমের অংশ হিসেবে মাননীয় খাদ্য মন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদার এমপি এর উপস্থিতিতে ৫৭ টি হোটেলকে স্টিকার প্রদান করা হয়।



চিত্র: ইনোভেশন কার্যক্রমের আওতায় তিনটি পথ খাবারের ভ্যানকে আধুনিকীকরণ করে নিরাপদ খাদ্য বিক্রির ব্যবস্থা করার জন্য একটি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। মাননীয় খাদ্য মন্ত্রী এ্যাডভোকেট মোঃ কামরুল ইসলাম এমপি ও জন পথ খাবার বিক্রেতাকে ভ্যান প্রদান করেন।



চিত্র: পবিত্র রমজান উপলক্ষে নিরাপদ খাদ্য বিক্রয়ে জনসচেতনতা সম্পর্কে প্রচার-প্রচারণার উদ্বোধন করেন মাননীয় খাদ্য মন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদার এমপি।

(স্বাক্ষরিত)

আবু হেনা মোঃ মোস্তফা কামাল

উপসচিব

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ফোন: ০২-৫৫১৩৮৬১২

ই-মেইল: shohelkamal@yahoo.com

(স্বাক্ষরিত)

মোহাম্মদ মাহফুজুল হক

চেয়ারম্যান

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ